

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ডিএফআইএম সার্কুলার নং-০১

তারিখঃ ১৬ মাঘ ১৪২৩
২৯ জানুয়ারি ২০১৭

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**কলমানি মার্কেট হতে ঋণ গ্রহণের সীমা নির্ধারণের ক্ষেত্রে নীট সম্পদের
পরিবর্তে প্রতিষ্ঠানের ইকুয়িটিকে ভিত্তি বিবেচনাকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক বিগত ০৫ মার্চ ২০০৫ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার নং-০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে কলমার্কেট হতে তাদের নীট সম্পদের সর্বোচ্চ ১৫% পর্যন্ত ঋণ গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছিল। এখন থেকে কলমানি মার্কেট হতে ঋণ গ্রহণের উর্ধ্বসীমা নির্ধারণের ক্ষেত্রে নীট সম্পদের পরিবর্তে প্রতিষ্ঠানের ইকুয়িটিকে ভিত্তি হিসেবে বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে নিম্নবর্ণিত নির্দেশনা জারি করা হ'ল-

১। আর্থিক প্রতিষ্ঠানসমূহ ৩১ ডিসেম্বর তারিখের স্থিতিপত্রের ভিত্তিতে হিসাব বিবরণী প্রস্তুত করবে এবং এর ভিত্তিতে প্রতিষ্ঠানের ইকুয়িটি নির্ধারণ করবে। আগামী ০১ ফেব্রুয়ারি ২০১৭ (৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ ভিত্তিক তথ্যের ভিত্তিতে) তারিখ হতে আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের নির্ণীত ইকুয়িটির সর্বোচ্চ ৩০% হারে কলমানি মার্কেট হতে ঋণ গ্রহণ করতে পারবে।

২। আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখ ভিত্তিক ইকুয়িটি সংক্রান্ত তথ্যাদি পরবর্তী মাসের (জানুয়ারি) ২৫ তারিখের মধ্যে 'T_PS_S_LIAB_FI_LIAB' টেমপ্লেট ব্যবহার করে বাংলাদেশ ব্যাংকের ওয়েবপোর্টালে দাখিল করবে। তবে ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ ভিত্তিক ইকুয়িটি সংক্রান্ত তথ্যাদি ৩১/০১/২০১৭ তারিখের মধ্যে দাখিল করা যাবে। এক্ষেত্রে নিম্নবর্ণিত কোডসমূহ (Prudential Supervision Chart of Accounts or PS COA) ব্যবহার করতে হবেঃ

SL	Components	PS COA
01	Paid up Capital	3010002
02	Retained Earnings	3010003
03	Statutory Reserve	3010004
04	General Reserve	3010005

SL	Components	PS COA
05	Share Premium	3010006
06	Asset Re-valuation Reserve	3010007
07	Other Capital (If any)	3010009
08	Other Reserve	3010026

৩। ৩১ ডিসেম্বরের ইকুয়িটির ভিত্তিতে পরবর্তী ১২ মাস অর্থাৎ ১ ফেব্রুয়ারি হতে ৩১ জানুয়ারি পর্যন্ত কলমানি মার্কেট থেকে ঋণ গ্রহণ করা যাবে।

৪। অত্র সার্কুলার জারির পর ইতোপূর্বে ইস্যুকৃত এ সংক্রান্ত সকল নির্দেশনা অত্র সার্কুলার দ্বারা প্রতিস্থাপিত বলে গণ্য হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারি করা হ'ল।

আপনাদের বিশ্বস্ত,
স্বা/-
(মোঃ আজিজুল হক)
উপ-মহাব্যবস্থাপক
ফোন নং-৯৫৩০১৪৫